গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.১৬.০০৪.০২১.২৪-২৪১

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১ / ৯ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: আগস্ট, ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৯-০৮-২০২৪ তারিখে অনুষ্ঠিত আগস্ট, ২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন (হার্ড কপি ও সফট কপি ইউনিকোড/নিকস ফন্টে) সমন্বয় ও কাউন্সিল শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে----------পৃষ্ঠা

৯/৯/২০২৪

(মাহবুবা আইরিন)
উপসচিব
ফোন: ০২-৫৫১০০৪০৮
ই-মেইল:-councillgd@lgd.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ
২। যুগ্মসচিব/পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ
৩। উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৪। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ
৫। চিফ একাউন্টস এ্যান্ড ফিন্যান্স অফিসার, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা
৬। হিসাব রক্ষণ কর্মকর্তা/প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ

দপ্তর/সংস্থা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কাকরাইল, ঢাকা
৩। রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
৪। মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, ঢাকা
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, ---------------------------সিটি কর্পোরেশন (সকল)
৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা/চট্টগ্রাম ওয়াসা/রাজশাহী ওয়াসা/খুলনা ওয়াসা
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, মশক নিবারণী দপ্তর, ঢাকা

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সমন্বয় ও কাউন্সিল শাখা
www.lgd.gov.bd

**বিষয়: স্থানীয় সরকার বিভাগের আগস্ট, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি: আবু হেনা মোরশেদ জামান
সচিব
স্থানীয় সরকার বিভাগ

তারিখ: ২৯-০৮-২০২৪, সকাল ১০.৩০ টা

স্থান: স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষ

সভায় কর্মকর্তাগণের উপস্থিতি: পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, স্থানীয় সরকার বিভাগ জনস্বার্থে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনা করে থাকে। তিনি সকল কর্মকর্তাকে বিভিন্ন আইন ও বিধি-বিধানের আলোকে জ্ঞানার্জন ও দক্ষতা বৃদ্ধিসহ দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তনের মাধ্যমে কাজের গতিশীলতা আনয়ন ও গুণগত মান বৃদ্ধির বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

২। সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি উপস্থাপন করা হয়। আলোচনার শুরুতে স্থানীয় সরকার বিভাগের এসডিজি সংক্রান্ত কার্যক্রমের উপর আলোকপাত করা হয়। সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার বিভাগ হতে এসডিজি'র "বিশুদ্ধ সুপেয় পানি ও পয়ঃনিষ্কাশন" সংক্রান্ত কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট। ৫টি প্যারামিটারে তথ্য প্রদান করা হয়। এর মধ্যে মহান জাতীয় সংসদ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানে নারীদের অংশগ্রহণ সংক্রান্ত তথ্য ২০২৩ সাল পর্যন্ত এসডিজি ট্র্যাকারে আপলোড করা হয়েছে। পানি বিশোধন সংক্রান্ত ২০২২ ও ২০২৩ সালের তথ্য প্রস্তুত করা হয়েছে। নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনায় সুশীল সমাজের অংশগ্রহণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হচ্ছে। সিটি কর্পোরেশনসমূহে এ সংক্রান্ত কমিটি গঠন প্রক্রিয়াধীন রয়েছে।

৩। অতঃপর বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | **বিগত সভার কার্যবিবরণী :**<br>জুলাই, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়করণ। | জুলাই, ২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ় করা হয়। | সমন্বয় ও কাউন্সিল শাখা |
| ২ | **প্রকল্প মনিটরিং, পরিদর্শন ও মূল্যায়ন কার্যক্রম:**<br>স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত Web based Monitoring System (MIS) (http://mis.lgd.gov.bd) এর মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের হালনাগাদ তথ্যাদি নিয়মিত আপলোড করা হচ্ছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ইতোমধ্যে ৯৫% তথ্য আপলোড করা হয়েছে।<br>গত অর্থবছরে পরিদর্শন প্রমাপ অর্জিত হয়েছে। আইএমএডি'র পরিদর্শন প্রতিবেদন ছক সংগ্রহ করা হয়েছে। উক্ত ছক অনুসরণে বাস্তবসম্মত সুপারিশসহ প্রতিবেদন প্রণয়ন করা হচ্ছে। | (১) প্রকল্প পরিদর্শন প্রতিবেদন প্রণয়নে আইএমইডি প্রণীত ফরম্যাট আছে। বর্ণিত ফরম্যাট এর মূল কাঠামো ঠিক রেখে স্থানীয় সরকার বিভাগের কার্যক্রমের ধরণ অনুযায়ী দু'একটি কলাম সংযোজন বা বিয়োজন করে প্রতিবেদনের ছক আগামী ৭ দিনের মধ্যে চূড়ান্ত করতে হবে এবং ১৫ সেপ্টেম্বর ২০২৪ এর মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>(২) আগামী সভার পূর্বে প্রকল্পসমূহের তথ্য MIS এ ১০০% আপলোড সম্পন্ন করতে হবে। | পরিকল্পনা, মূল্যায়ন ও পরিদর্শন অধিশাখা/সকল প্রকল্প পরিচালক/ আইসিটি সেল |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩ | **সাংগঠনিক কাঠামো:**<br>সভাকে অবহিত করা হয় যে, স্থানীয় সরকার বিভাগের হালনাগাদ খসড়া সাংগঠনিক কাঠামো প্রস্তুত করা হয়েছে। এ বিষয়ে দ্রুত সভা করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করা হবে। | স্থানীয় সরকার বিভাগের খসড়া সাংগঠনিক কাঠামো যাচাই-বাছাইপূর্বক চূড়ান্তকরণের লক্ষ্যে নিয়ম অনুযায়ী জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | প্রশাসন-১ শাখা |
| ৪ | **ডি-নথি:**<br>সভাকে অবহিত করা হয় যে, ডি-নথির ব্যবহার বিষয়ে ৩টি ব্যাচে ১২০ জন কর্মকর্তা/কর্মচারীর ইন-হাউজ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া গত ১৮-০৭-২০২৪ তারিখে সকল শাখার কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তাগণের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br><br>ডি-নথির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে গঠিত কমিটির ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির শ্রেণিবিন্যাস অনুযায়ী নথির তালিকা তৈরির কাজ চলমান। জুলাই ২০২৪ মাসে ৩০৪টি নথি ডি-নথির মাধ্যমে নিষ্পত্তি হয়েছে। | (১) ডি-নথিতে নিষ্পত্তিযোগ্য নথির তালিকা আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br><br>(২) কোন্ ক্যাটাগরির মোট কতটি নথি ডি-নথিতে নিষ্পত্তি হয়েছে তার সংখ্যা উল্লেখপূর্বক শতকরা হিসাব প্রদান করতে হবে ।<br><br>(৩) ডি-নথি সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে। মাননীয় উপদেষ্টার দপ্তরকে প্রশিক্ষণের আওতায় আনতে হবে।<br><br>(৪) মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-কে ডি-নথির বিষয়ে মাননীয় উপদেষ্টার একান্ত সচিব অবহিত করবেন। | অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)<br><br>সকল শাখা/ অধিশাখা/ অনুবিভাগ এবং সকল দপ্তর/সংস্থা |
| ৫ | **অভিযোগ নিষ্পত্তি:**<br>জুলাই, ২০২৪ মাসে অভিযোগ নিষ্পত্তির হার ১০০%। এ সংক্রান্ত প্রতিবেদন নিয়মিত ওয়েবসাইটে আপলোড করা হয়। | দপ্তর/সংস্থা পর্যায়ে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ৬ | **সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS):**<br>সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাগণের জন্য প্রশিক্ষণ মডিউল তৈরি এবং ToT কোর্স সম্পন্ন হয়েছে। | সরকারি কর্মচারী ব্যবস্থাপনা পদ্ধতি (GEMS) বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাগণের সেপ্টেম্বর, ২০২৪ এর মধ্যে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। | পানি সরবরাহ-১ শাখা/আইসিটি সেল |
| ৭ | **তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা:**<br>স্থানীয় সরকার বিভাগে তামাক নিয়ন্ত্রণ কার্যক্রম বাস্তবায়ন নির্দেশিকা' অনুসারে কার্যক্রম পরিচালিত হচ্ছে। নির্দেশনা বাস্তবায়নে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক প্রশিক্ষণ মডিউল প্রস্তুত করে জনপ্রতিনিধি ও কর্মকর্তাগণের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | (১) তামাক নিয়ন্ত্রণে জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক প্রশিক্ষণ মডিউল, প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত রাখতে হবে।<br><br>(২) তামাক নিয়ন্ত্রণে বিভাগ, জেলা, উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে তামাক নিয়ন্ত্রণে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে। | পানি সরবরাহ অধিশাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৮ | **পৌরসভা ও সিটি কর্পোরেশনের সেবা প্রদানে Common Software ব্যবহার:**<br>কেন্দ্রীয়ভাবে একক সফ্টওয়্যার তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় বাজেট, বিদ্যমান সফ্টওয়্যারের পরিবর্ধন এবং ভেন্ডর নিয়োগ বিষয়ে স্টেকহোল্ডারদেরকে নিয়ে সভা করে দ্রুততম সময়ের মধ্যে একটি রোডম্যাপ তৈরি করতে হবে। | সেপ্টেম্বর মাসের মধ্যে কেন্দ্রীয়ভাবে সফ্টওয়্যার প্রস্তুতের কাজ সম্পন্ন করতে হবে। | অতিরিক্ত সচিব, নগর উন্নয়ন অনুবিভাগ |
| ৯ | **জেলা পরিষদের ডাকবাংলো ও অডিটরিয়াম:**<br>জেলা পরিষদসমূহের আওতাধীন ডাকবাংলো এবং অডিটরিয়ামগুলোর বর্তমান অবস্থা ও ব্যবহার উপযোগিতা সম্পর্কে সকল জেলা পরিষদ হতে তথ্য পাওয়া গেছে। ব্যবহার উপযোগী ডাকবাংলো ৩৬৪টি ও অডিটরিয়াম ১০২টি, ব্যবহার অনুপযোগী ডাকবাংলো ১৮৬টি ও অডিটরিয়াম ২৭টি, মেরামতযোগ্য ডাকবাংলো ১৬টি ও অডিটরিয়াম ৮টি এবং কনডেম ঘোষণা করা হয়েছে এমন ডাকবাংলো ২০টি। মোট ডাকবাংলো ৫৬৬টি এবং মোট অডিটরিয়াম ১৩৭টি। | সংগৃহীত তথ্য যাচাই-বাছাই করে ১০ সেপ্টেম্বরের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে মেরামতযোগ্য ডাকবাংলো ও অডিটরিয়াম চিহ্নিত করতে হবে। মেরামত অনুপযোগী ও মেরামত অযোগ্য চিহ্নিত ডাকবাংলো ও অডিটরিয়ামগুলোর বিষয়ে দ্রুত ব্যবস্থা নিতে হবে। | জেলা পরিষদ শাখা |
| ১০ | **স্থানীয় সরকার ভবন নির্মাণ:**<br>'স্থানীয় সরকার ভবন' নির্মাণের ডিজাইন চূড়ান্তকরণের বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের সাথে নিবিড় যোগাযোগ রক্ষার জন্য মো: মাহবুব আলম, প্রকল্প পরিচালক, উপজেলা কমপ্লেক্স সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধিত) কে নিয়োগ করা হয়েছে। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর 'স্থানীয় সরকার ভবন' নির্মাণের ডিজাইন প্রস্তুত করে স্থাপত্য অধিদপ্তরের অনুমোদন গ্রহণ করবে। | উন্নয়ন অনুবিভাগ ও এলজিইডি |
| ১১ | **মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন:**<br>মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের মধ্যে স্থানীয় সরকার বিভাগ সংশ্লিষ্ট নিম্নবর্ণিত সিদ্ধান্ত বর্তমানে বাস্তবায়নাধীন রয়েছে, যা নিম্নরূপ:<br>**(১) মসবৈ-০৩(০২)/২০২৪,**<br>তারিখ: ১১ ফেব্রুয়ারি ২০২৪<br>"বিষয়-২: 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২৪'-এর খসড়ার নীতিগত ও চূড়ান্ত অনুমোদন।<br>সিদ্ধান্ত:<br>১১। মন্ত্রিসভা-বৈঠকের আলোচনা অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ সাপেক্ষে সারসংক্ষেপের সহিত উপস্থাপিত স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২৪'-এর খসড়া চূড়ান্তভাবে অনুমোদন করা হইলো।"<br><br>'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২৪' ভেটিং এর বিষয়ে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে গত ২৫-০২-২০২৪ তারিখে নথি প্রেরণ করা হয়। | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে ভেটিং এর জন্য প্রেরিত 'স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) (সংশোধন) আইন, ২০২৪' ফিরিয়ে এনে এ বিভাগের আইন অধিশাখার সাথে পরামর্শপূর্বক স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত সিটি কর্পোরেশন সংক্রান্ত অধ্যাদেশ অন্তর্ভুক্ত করে পুনরায় অনুমোদনের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগসমূহে প্রেরণ করতে হবে।<br><br>একইসাথে পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ সংক্রান্ত অধ্যাদেশসমূহের ক্ষেত্রে অনুরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিটি কর্পোরেশন-১ শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | গত ১০-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত:<br>স্থানীয় সরকার বিভাগ, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সঙ্গে নিবিড় যোগাযোগ রক্ষাক্রমে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করবে এবং এ বিষয়ে অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। | | |
| | **(২) মসবৈ-০৯(০৪)/২০২২,**<br>তারিখ: ১৮ এপ্রিল ২০২২,<br>"বিষয়-৪: 'যত্রতত্র অপরিকল্পিতভাবে শিল্প স্থাপনের ফলে পরিবেশগত ভারসাম্য বিনষ্ট, মূল্যবান কৃষি জমি নিঃশেষ এবং নগর ও শহরাঞ্চলের সৌন্দর্যহানি ঘটানো' সংক্রান্ত গত ০৩ জুন ১৯৯০ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বৈঠকের ১১(ঙ) নম্বর সিদ্ধান্ত বাস্তবায়ন।<br><br>সিদ্ধান্ত:<br>১৭.২ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এবং স্থানীয় সরকার বিভাগ যৌথভাবে যত্রতত্র অপরিকল্পিতভাবে শিল্প স্থাপনের ফলে পরিবেশগত ভারসাম্য বিনষ্ট, মূল্যবান কৃষি জমি নিঃশেষ এবং নগর ও শহরাঞ্চলের সৌন্দর্যহানি সংক্রান্ত একটি অবস্থানপত্র প্রস্তুতপূর্বক উহা মন্ত্রিসভাকে অবহিত করিবে।"<br><br>এছাড়া গত ১০-০৭-২০২৪ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার সিদ্ধান্ত:<br>"স্থানীয় সরকার বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সঙ্গে নিবিড় যোগাযোগ রক্ষা করে মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করবে।"<br><br>মন্ত্রিসভা-বৈঠকের উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী স্থানীয় সরকার বিভাগের প্রতিনিধির অংশগ্রহণে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক একটি অবস্থানপত্র প্রস্তুত করা হয়েছে। অবস্থানপত্রটিতে স্থানীয় সরকার বিভাগের সম্মতি প্রদান করা হয়েছে। অবস্থানপত্রটি চূড়ান্তকরণের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করা হয়েছে। | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে খসড়া সংগ্রহপূর্বক প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করতে হবে। | প্রশাসন-১ শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১২ | **প্রশিক্ষণ আয়োজন:**<br>সভাপতি স্থানীয় সরকার বিভাগের কর্মকর্তাগণের দক্ষতা অর্জন ও কাজের গুণগত মান বৃদ্ধির লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, Rules of Business-1996, সচিবালয় নির্দেশমালা ২০২৪, পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮, Quality Management & Protocol এবং সমসাময়িক গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ আয়োজনের উপর গুরুত্বারোপ করা হয়।<br><br>সমসাময়িক ও গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষনের জন্য অভিজ্ঞ রিসোর্স পারসনদের সাথে যোগাযোগ করা হয়েছে।<br>সিডিউল পাওয়া গেলে প্রশিক্ষণের সময়সূচি নির্ধারণ করা হবে। | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, Rules of Business-1996, সচিবালয় নির্দেশমালা ২০২৪, পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮, Quality Office Management & Protocol এবং সমসাময়িক গুরুত্বপূর্ণ বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | সকল দপ্তর/সংস্থা এবং প্রশাসন-১ শাখা |
| ১৩ | **মশক নিধন কার্যক্রম:**<br>সকল সিটি কর্পোরেশন হতে ডেঙ্গু নিয়ন্ত্রণে মশক নিধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা সম্পর্কিত গৃহীত পদক্ষেপের তথ্য পাওয়া গেছে। মশক নিধন ও পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে।<br>আগামী মাসগুলোতে অধিক বৃষ্টিপাতে মশার উপদ্রব বৃদ্ধির সম্ভাবনা রয়েছে। এজন্য প্রতিটি সিটি কর্পোরেশন এবং পৌরসভা-কে পূর্ব থেকেই মশা নিধনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। | মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর সভাপতিত্বে অনুষ্ঠিত ডেঙ্গু সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রত্যেক সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ নিজ নিজ উদ্যোগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সকল সিটি কর্পোরেশন/সিটি কর্পোরেশন ১ ও ২ শাখা/ পৌর-১ ও ২ শাখা/ মশক নিবারণী দপ্তর/জেলা পরিষদ শাখা/ উপজেলা ১ ও ২ শাখা/ইউনিয়ন পরিষদ ১ শাখা |
| ১৪ | **১২টি জেলার বন্যা পরিস্থিতি:**<br>সকল স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বন্যা কবলিত জেলাসমূহে বন্যা প্রতিরোধ, বন্যাকালে ও বন্যা পরবর্তী সময়ের জন্য সংশ্লিষ্ট দপ্তরসমূহের স্থানীয় প্রতিনিধিদেরকে ব্যবস্থা গ্রহণে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। | (১) চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট সিটি কর্পোরেশন জলাবদ্ধতা নিরসনে এবং পাহাড় ধস প্রতিরোধে জরুরিভিত্তিতে কার্যক্রম গ্রহণ করবে।<br><br>(২) বন্যাপ্রবণ জেলাগুলোতে বন্যা পরবর্তী সময়ে পানিবাহিত রোগ প্রতিরোধে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জেলা, উপজেলা ও ইউনিয়ন পরিষদের সাথে সমন্বয় করে কার্যক্রম গ্রহণ করবে। সিটি কর্পোরেশন উন্মুক্ত নালা বন্ধ করার কার্যক্রম গ্রহণ করবে।<br><br>(৩) বন্যাকালীন সিটি কর্পোরেশনসমূহ জন্ম ও মৃত্যু সনদ প্রদান সংক্রান্ত জরুরি সেবা চালু রাখবে।<br><br>(৪) বন্যা কবলিত ১২টি জেলার বন্যা পরিস্থিতি সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন | সকল সিটি কর্পোরেশন/ স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে নিয়মিত আপলোড করতে হবে। | |
| ১৫ | **নথি উপস্থাপন সংক্রান্ত:**<br>সকল দপ্তর/সংস্থা-কে বিদ্যমান আইন ও বিভিন্ন বিধি-বিধান অনুসরণপূর্বক দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | (১) শাখা পর্যায়ে নথি উপস্থাপনকালে সুস্পষ্ট প্রস্তাবসহ প্রস্তাব উপস্থাপনের পক্ষে বিদ্যমান আইন, বিধি-বিধান, নজির অনুসরণে যথাযথ যুক্তি উপস্থাপন করতে হবে।<br>(২) বিবেচ্যপত্রে চাহিত বিষয় অনুমোদন অযোগ্য হলে তার কারণ ব্যাখ্যা করতে হবে।<br>(৩) নথিতে বিবেচ্যপত্রের পত্র পৃষ্ঠা নম্বর যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| ১৬ | **স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার মামলাসমূহ:**<br>স্থানীয় সরকার বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থার বিরুদ্ধে বিভিন্ন সময়ে দায়েরকৃত মামলাসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | (১) মহামান্য আপীল বিভাগে যে সকল মামলা নিষ্পত্তি হয়েছে সে সকল মামলার তালিকা প্রস্তুত করতে হবে। নিষ্পত্তি অনুযায়ী Review বা Comply করা হয়েছে কিনা সে সংক্রান্ত তথ্য সংগ্রহ করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(২) কনটেম্পট মামলার সংখ্যা ও সর্বশেষ আদেশ সংক্রান্ত তথ্য সংগ্রহ করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।<br>(৩) মামলা সংক্রান্ত তথ্য মাননীয় উপদেষ্টার দপ্তরে নিয়মিত প্রেরণ করতে হবে।<br>(৪) প্যানেল আইনজীবীদের সাথে নিয়মিত সভা আয়োজন করতে হবে।<br>(৫) উকিল নোটিশ প্রাপ্তির সাথে সাথে জরুরিভিত্তিতে (৩ কার্যদিবসের মধ্যে) প্যানেল আইনজীবীদের মাধ্যমে উকিল নোটিশের জবাব প্রেরণ করতে হবে। | আইন অধিশাখা |
| ১৭ | **সিটি কর্পোরেশন:**<br>সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তাগণ নিজ নিজ কার্যালয়ের চলমান পরিস্থিতি সভাকে অবহিত করবেন। | (১) সিটি কর্পোরেশনসমূহ জন্ম-মৃত্যু সনদ, ওয়ারিশ সনদ, নাগরিক সনদ সংক্রান্ত সেবা জরুরিভিত্তিতে প্রদান করবে।<br>(২) সিটি কর্পোরেশনের আওতাভুক্ত এলাকায় জলাবদ্ধতা নিরসনে পদক্ষেপ নিবে। | সকল সিটি কর্পোরেশন |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | (৩) স্ট্রিট লাইট স্থাপনের মাধ্যমে রাতের বেলা নগর আলোকিত রাখতে হবে।<br>(৪) নগরের সৌন্দর্যবর্ধনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নগর পরিকল্পনাবিদগণ পরিকল্পনা গ্রহণ করবেন। | |
| ১৮ | **স্থানীয় সরকার বিভাগের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ আদেশ সংশোধন, পরিমার্জন ও হালনাগাদকরণ:**<br>স্থানীয় সরকার বিভাগের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ আদেশ সংশোধন, পরিমার্জন ও হালনাগাদকরণে একটি কমিটি গঠন করা হয়েছে। | গঠিত কমিটি স্থানীয় সরকার বিভাগের আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ আদেশ সংশোধন, পরিমার্জন ও হালনাগাদ করে আগামী ৭ দিনের মধ্যে সচিব মহোদয়ের নিকট উপস্থাপন করবে। | |
| ১৯ | **ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক জন্ম নিবন্ধন:**<br>রেজিস্ট্রার জেনারেল কার্যালয়ের মূল সার্ভারে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের জন্ম নিবন্ধন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে।<br>রেজিস্ট্রার জেনারেলের কার্যালয় হতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের কর্মকর্তা/কর্মচারীগণকে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে জন্ম নিবন্ধন সংক্রান্ত ডাটা ইনস্টলেশন, সার্ভিস এর সংখ্যা বৃদ্ধি এবং প্রয়োজনীয় লোকবল বৃদ্ধির ব্যবস্থা করতে হবে। ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এর প্রশাসক, রেজিস্ট্রার জেনারেল এবং প্রধান নির্বাহী কর্মকর্তা সভার মাধ্যমে এ সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করবেন। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, রেজিস্ট্রার জেনারেল, অতিরিক্ত সচিব |
| ২০ | **গ্রাম পুলিশ আত্তীকরণ:**<br>জেলা প্রশাসক সম্মেলন ২০২৩ এ গৃহীত সিদ্ধান্তের আলোকে ঢাকা মহানগরের সাবেক ১৬টি ইউনিয়নের<br>১৬০ জন গ্রাম পুলিশকে ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনে সমপর্যায়ের কোন পদে আত্তীকরণ করতে হবে। উক্ত সিদ্ধান্তের আলোকে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক গ্রাম পুলিশদের সরকারি চাকরিতে আত্তীকরণ করা হলেও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে আত্তীকরণ করা হয়নি মর্মে আলোচনা করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-কে ২৫ আগস্ট ২০২৪ তারিখে ৮২৭ নম্বর স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্তৃক গ্রাম পুলিশদের (৭ জন দফাদার ও ৫৯ জন মহল্লাদার) বিষয়ে ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ সিটি কর্পোরেশন-১ শাখা |

৪। আলোচনা শেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবু হেনা মোরশেদ জামান
সচিব
স্থানীয় সরকার বিভাগ